# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, দুর্যোগের সময় কারো জন্যই আদৌ কুনূত পড়া জায়েয নেই

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهم غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْقُنُوتَ عِنْدَ حُدُوثِ الْحَادِثَةِ غَيْرُ جَائِزٍ لِأَحَدٍ أَصْلًا

---

আরবী

1984 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ فِي صَلَاةِ الْفَجْرِ حِينَ رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ: (رَبَّنَا وَلَكَ الْحَمْدُ) فِي الرَّكْعَةِ الْآخِرَةِ ثُمَّ قَالَ: (اللَّهُمَّ الْعَنْ فُلَانًا وَفُلَانًا) دَعَا عَلَى أُنَاس مِنَ الْمُنَافِقِينَ فَأَنْزَلَ اللَّهُ {لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ أَوْ يعذِّبهم فَإِنَّهُمْ ظَالِمُونَ} [آل عمران: 128]

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1984 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح سنن النسائي)) (1033)

বাংলা

১৯৮৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফজরের সালাতে শেষ রাকা‘আতে রুকূ‘ থেকে মাথা উত্তোলন করে رَبَّنَا وَلَكَ الْحَمْدُ বলতে শুনেছেন, তারপর তিনি বলেছেন, اللَّهُمَّ الْعَنْ فُلَانًا وَفُلَانًا (হে আল্লাহ, আপনি ওমুক ও ওমুকের উপর লা‘নত করুন।” তিনি কিছু মুনাফিক ব্যক্তির উপর বদ দু‘আ করেছেন। তারপর মহান আল্লাহ আয়াত নাযিল করেন, لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ أَوْ يُعَذِّبَهُمْ فَإِنَّهُمْ ظَالِمُونَ (বিষয়টিতে আপনার কোন অধিকার নেই, অথবা তিনি তাদের তাওবা কবূল করবেন অথবা তিনি তাদের শাস্তি দিবেন কেননা তারা জালিম। -সূরা আল ইমরান: ১২৮।)[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৪০২৭; মুসনাদ আহমাদ: ২/১৪৭; নাসাঈ: ২/২০৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৪২; সহীহ ইবনু খুযাইমাহ: ৬২২; সহীহ আল বুখারী: ৪০৬৯; সুনান বাইহাকী: ২/১৯৮; তাবারানী: ১৩১১৩; তিরমিযী: ৩০০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৯৮৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91301

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন